



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”




শোক বার্তা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলমের মাতা শহীদ মুক্তিযোদ্ধা ইলিয়াস আহমেদ এর সহধর্মিনী মোসাঃ সালেহা খাতুন (৭৬) বার্ষিক্যজনিত কারণে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ ১০ জানুয়ারি ২০২২ তারিখ সোমবার সকালে ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তিনি এক পুত্র ও দুই কন্যা এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার গভীর শোক প্রকাশ করেন। উপাচার্য মহোদয় মরহুমার শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানান।

মোসাঃ সালেহা খাতুনের মৃত্যুতে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল গভীর শোক প্রকাশ করেন এবং মরহুমার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।

বিশ্ববিদ্যালয় পরিবারের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ মোসাঃ সালেহা খাতুনের প্রয়াণে গভীর শোকাহত।


১০.০১.২০২২

(ড. আ. ফ. ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

তথ্য ও গণসংযোগ বিভাগ

বাউবি।